# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 11-09-2025** **Time: 7.50 P.M.**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) ভারতীয় সেনাবাহিনীর প্রতি মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সাম্প্রতিক মন্তব্যের প্রতিবাদে আজ মেয়ো রোডে প্রাক্তন সেনা কর্মীরা ধর্ণা অবস্থান কর্মসূচী পালন করেছেন।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, ভারতীয় সেনাকে অপমান করা মুখ্যমন্ত্রী ও তার দলের নিত্য অভ্যাসে পরিণত হয়েছে।

২) ২০২২ এর টেট উত্তীর্ণদের চাকরিতে নিয়োগের দাবি নিয়ে  বিধানসভা অভিযানকে কেন্দ্র করে আজ  এলাকা রণক্ষেত্র হয়ে ওঠে। আটক করা হয় বেশ কয়েকজনকে।

৩)  স্বামী বিবেকানন্দের শিকাগো বক্তৃতার ১৩২ বছর পূর্তিতে শুরু হয়েছে নরেন্দ্র কাপ ফুটবল ট্যুনার্মেন্ট।

অন্যদিকে, রাজ্য সরকারের পক্ষ থেকে চালু বিবেকানন্দ কাপ ফুটবল প্রতিযোগিতা

৪) দূরপাল্লার ট্রেনের টিকিট নিয়ে জালিয়াতি ও যাত্রী হয়রানি আটকাতে ভারতীয় রেল একাধিক ব্যবস্থা নিচ্ছে।

৫) প্রতি বছরের মতো এবারও রাজ্য সরকার সেরা পুজোগুলিকে শারদ সম্মান দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

oooooooooooooooooooooooo

ভারতীয় সেনা বাহিনীর প্রতি মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী'র সাম্প্রতিক মন্তব্যের আচরণের প্রতিবাদে আজ  মেয়ো রোডে প্রাক্তন সেনা কর্মীরা ধর্ণা অবস্থান কর্মসূচি পালন করে। এই কর্মসূচির জন্য প্রথমে প্রশাসনের পক্ষ থেকে  অনুমতি না মিললেও আদালতের অনুমোদন নিয়ে তাঁরা ধর্ণায় বসেন। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ সেখানে গিয়ে বলেন, মুখ্যমন্ত্রীকে দেখে সেনাবাহিনী পালিয়ে গেছে বলে যে দাবি করা হচ্ছে তা অসত্য। পাল্টা তৃণমূল কংগ্রেসের মঞ্চ ভেঙে দেওয়ায় মুখ্যমন্ত্রী মেয়ো রোডে গান্ধী মূর্তির পাদদেশ থেকে ডোরিনা ক্রসিং-এ পালিয়ে গিয়ে মঞ্চ গড়েছেন বলে বিরোধী দলনেতা দাবি করেন।

(বাইট – শুভেন্দু)

ভারতীয় সেনার হয়ে প্রতিবাদের জন্য তাকে বিধানসভার অধিবেশন থেকে সাসপেন্ড করায় তিনি গর্বিত বলে শ্রী অধিকারী দাবি করেন।

অন্যদিকে, ভারতীয় সেনাকে অপমান করা মুখ্যমন্ত্রী এবং তার দলের নিত্য অভ্যাসে পরিণত হয়েছে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার দাবি করেছেন। আসানসোলে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি অভিযোগ করেন, এর আগেও মুখ্যমন্ত্রী সার্জিক্যাল স্ট্রাইক নিয়ে সেনার সমালোচনা করেছেন । ভারতীয় সেনা প্রাণ দিতে পারে,তবে কাউকে তারা ভয় পায় না বলেও শ্রী মজুমদার জানান।

oooooooooooooooooooooooo

শিক্ষক পদে নিয়োগের দাবিতে আজ ফের পথে নেমে বিক্ষোভ দেখান চাকরি প্রার্থীরা।  ২০২২ এর টেট উত্তীর্ণ চাকরিপ্রার্থীদের বিধানসভা অভিযানকে কেন্দ্র করে এলাকা রণক্ষেত্র হয়ে ওঠে। প্রথমে ধর্মতলায় তাদের কর্মসূচী থাকলেও আন্দোলনকারীরা বিধানসভার দিকে চলে যান। পুলিশ তাঁদের আটকালে বিধানসভা

ভবনের সামনেই চাকরিপ্রার্থীদের সঙ্গে ব্যাপক ধস্তাধস্তি বেধে যায়। বিধানসভা ভবন ও ইডেন গার্ডেন্সের সামনে রাস্তায় তৈরি হয় তুলকালাম পরিস্থিতি। পুলিশ তাঁদের টেনে হিঁচড়ে প্রিজন ভ্যানে তুললে রাস্তায় বসে বিক্ষোভ দেখান চাকরিপ্রার্থীরা। দ্রুত চাকরিতে নিয়োগের  দাবি জানান তাঁরা।

এরপর কালিন্দীতে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর বাড়ির সামনেও বিক্ষোভ দেখান টেট উত্তীর্ণ চাকরিপ্রার্থীরা। জেলায় জেলায় প্রাথমিক স্কুলগুলিতে শিক্ষকের সংখ্যা কম হওয়া সত্বেও কেন নিয়োগ করা হচ্ছে না তা নিয়েও তারা প্রশ্ন তোলেন।

এইদিকে এই আন্দোলনের কোন যৌক্তিকতা নেই বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন। আজ কলকাতায় তিনি বলেন, শূন্যপদ সংক্রান্ত চূড়ান্ত তালিকা তৈরির কাজ চলছে। কয়েকদিনের মধ্যেই তা প্রকাশ করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রাথমিকে ৩২ হাজার চাকরি বাতিলের মামলায় গোটা প্যানেল পুনর্গঠনের দাবি জানিয়েছেন, ২০১৬ সালের প্রার্থীরা। চাকরি প্রার্থীদের আইনজীবীর বক্তব্য প্রশিক্ষণ না নেওয়াদের সঙ্গে প্রশিক্ষিত প্রার্থীদের তফাৎ গড়ে দেবে অ্যাপটিটিউড টেস্টের জন্য বরাদ্দ ৫ নম্বর। ২০22 সালে আদালত প্রাথমিক শিক্ষা পর্ষদকে প্রায় ৪৩ হাজার এমপ্ল্যানেলড প্রার্থীর নম্বরের বিভাজন  প্রকাশ করার নির্দেশ দিয়েছিল। কিন্তু তা হয়নি। সেকারণেই এখন প্যানেল পুনর্গঠনের দাবি জানানো হচ্ছে বলে চাকরি প্রার্থীদের পক্ষ থেকে জানানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এসএসসি-র একাদশ-দ্বাদশ নিয়োগ দুর্নীতি মামলায় প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়-সহ মোট ২১ জনের বিরুদ্ধে চার্জ গঠন করা হয়েছে। আলিপুরে বিশেষ সিবিআই আদালতে আজ এই চার্জ গঠন করা হয়েছে।  এবার শুরু হবে বিচারপ্রক্রিয়া। একাদশ-দ্বাদশের নিয়োগ মামলায় গঠিত এই চার্জে রয়েছে প্রাক্তন শিক্ষা প্রতিমন্ত্রী

পরেশ অধিকারী, তাঁর মেয়ে অঙ্কিতা,  এসএসসি-র উপদেষ্টা কমিটির প্রধান শান্তিপ্রসাদ সিনহা, কমিশনের প্রাক্তন চেয়ারম্যান সুবীরেশ ভট্টাচার্য, মধ্যশিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি কল্যাণময় গঙ্গোপাধ্যায়  সহ ২১ জনের নাম । অপরাধমূলক ষড়যন্ত্র, তথ্য প্রমাণ গোপন, প্রতারণা, নথি জাল এবং জালিয়াতি সহ বেশ কয়েকটি ধারায় অভিযুক্তদের বিরুদ্ধে চার্জ গঠন করেছে সিবিআই।

ooooooooooooooooooooooooo

জি এস টি হার পরিবর্তন  সাধারণ মানুষ এবং ব্যবসায়ীদের কাছে পুজোর উপহারের মত। এখন থেকে ১২ ও ১৮ শতাংশের স্ল্যাব কমে গিয়ে ৫ ও ১৮ শতাংশে জিএসটি কার্যকর হবে। বেশ কিছু গুরুত্বপূর্ণ ক্ষেত্রে জিএসটি ছাড় দেওয়া হয়েছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

ooooooooooooooooooooooooo

স্পটলাইট আলোচনার আজকের বিষয় পণ্য পরিষেবা কর GST সংস্কার। অধ্যাপক পিনাকী চক্রবর্তীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আলোচনাটি শোনা যাবে আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

ooooooooooooooooooooooooo

১৮৯৩ সালের আজকের দিনেই যুগোপুরুষ স্বামী বিবেকানন্দ শিকাগো ধর্ম মহাসভায় ঐতিহাসিক বক্তব্য রেখেছিলেন। 'আমার প্রিয় আমেরিকাবাসী ভাই ও বোনেরা ' তাঁর এই সম্বোধন বিশ্ব ভ্রাতৃত্ব বোধের এক অনন্য উদাহরণ। ভারত থেকে হিন্দু ধর্মের প্রতিনিধি হিসেবে বক্তৃতা দিয়ে সেদিন স্বামীজি সারা বিশ্বের সমীহ আদায় করে নিয়েছিলেন। বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে এই দিনটি উদযাপন করা হচ্ছে। এই

উপলক্ষে আজ বিভিন্ন জেলায়  নরেন্দ্র কাপ ফুটবল প্রতিযোগিতা শুরু হয়েছে। উদ্বোধন হয়েছে রাজ্য সরকারের স্বামী বিবেকানন্দ কাপ ফুটবল প্রতিযোগিতারও।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অদিতি-কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, শিকাগো বিশ্ব ধর্ম সম্মেলনে স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক বক্তৃতার বর্ষপূর্তি উপলক্ষে আজ কলকাতায় স্বামী বিবেকানন্দ আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের সূচনা হয়েছে।  ঠাকুরপুকুর বিবেকানন্দ কলেজ প্রাঙ্গণে তিনদিন ব্যাপী এই চলচ্চিত্র উৎসবে ভারত সহ বিভিন্ন দেশের প্রায় পঁচিশটি চলচ্চিত্র, শিক্ষার্থীদের সামনে তুলে ধরা হবে । কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ নবকিশোর চন্দ সহ বিশেষ অতিথি রূপে উপস্থিত ছিলেন চলচ্চিত্র পরিচালক গৌতম ঘোষ এবং বিশিষ্ট জনেরা। আজকের অনুষ্ঠানে পরিচালক অনুপ রায়চৌধুরী স্বামী বিবেকানন্দকে উৎসর্গ করে নির্মিত "জয় তব জয়" চলচ্চিত্রটি প্রদর্শন করেন। পরিচালক গৌতম ঘোষ বলেন, কেবল বিনোদন নয় বরং চলচ্চিত্রের মধ্য দিয়ে সমসাময়িক বিশ্বের বিভিন্ন দিক তুলে ধরা সম্ভব। সেকারণেই এই প্রদর্শন মূলক উদ্যোগের ভুয়সী প্রশংসা করেন তিনি। উৎসবের প্রথমদিনে আজ মোট এগারোটি চলচ্চিত্র দেখানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রতিবছরের মতো এবারও রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দফতর, কলকাতা ও সংলগ্ন এলাকার ২২ টি জেলা সহ বিশ্বের নানা প্রান্তের সেরা পুজো গুলিকে বিশ্ববাংলা শারদ সম্মান দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে রাজ্যের তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন বলেন, সেরা মণ্ডপ, সেরা প্রতিমা, বিশেষ পরিবেশ বান্ধব পুজো, সেরা সমাজ সচেতনতা এরকম কয়েকটি বিষয়ের উপর ভিত্তি করে এই পুরস্কার দেওয়া হবে। আজ থেকে এ মাসের কুড়ি তারিখ পর্যন্ত

অনলাইনে আবেদন জমা করা যাবে। জেলাগুলির ক্ষেত্রে অফলাইনে আবেদনের সুবিধা থাকছে। পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা করা হবে পঞ্চমী অথবা ষষ্ঠীর দিন। বিদেশের পুজোগুলির জন্যই এই ব্যবস্থা।

(বাইট – ইন্দ্রনীল)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দূরপাল্লার ট্রেনের টিকিট নিয়ে জালিয়াতি ও যাত্রী হয়রানি আটকাতে ভারতীয় রেল একাধিক ব্যবস্থা নিচ্ছে। রেল বোর্ডের সদস্য হিতেন্দ্র মালহোত্রা আকাশবাণীকে জানিয়েছেন , অনলাইনে টিকিট বুকিং শুরু হতেই মুহূর্তের মধ্যে সব টিকিট শেষ হয়ে যাওয়া নিয়ে ভুরি ভুরি অভিযোগ থাকে । তদন্তে জানা গেছে, অনেক ক্ষেত্রেই অসাধু চক্র কৃত্রিমভাবে টিকিটের অভাব তৈরি করছে। এই প্রবণতা রুখতে আইআরসিটিসি নিজেদের বুকিং সফটওয়্যারে বড়সড় পরিবর্তন এনেছে। যাতে কোনও অসাধু ব্যক্তি বা সংগঠিত চক্র কৃত্রিম বুদ্ধিমত্তা বা প্রযুক্তি ব্যবহার করে একসঙ্গে বিপুল পরিমাণ টিকিট কিনে নিতে না পারে। পাশাপাশি আইআরসিটিসির অ্যাপ ও ওয়েবসাইটের মাধ্যমে টিকিট বুকিং করার ক্ষেত্রে আধার কার্ড যাচাই বাধ্যতামূলক করা হয়েছে।

তবে হিতেন্দ্র মালহোত্রা স্বীকার করেছেন, কিছু রুটে যাত্রী চাপ স্বাভাবিকের তুলনায় অনেক বেশি থাকায় টিকিটের ঘাটতি দেখা দিচ্ছে। সেই সব রুটে ট্রেনের সংখ্যা বাড়ানোর প্রক্রিয়া ইতিমধ্যেই শুরু হয়েছে বলে তিনি জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে চ্যাম্পিয়নশিপ রাউন্ডের ম্যাচে ইস্টবেঙ্গল ৩-০ গোলে ইউনাইটেড কলকাতা এফ সি, কে হারিয়ে দিয়েছে। নিজেদের মাঠে এই ম্যাচে ইস্টবেঙ্গলের নসিব রহমান, পি ভি বিষ্ণু, গুইতে ভ্যানলালপেকা গোল করেছেন।

নৈহাটি স্টেডিয়ামে অন্য ম্যাচে ডায়মন্ড হারবার এফ সি ৪-০ গোলে সুরুচি সংঘকে পরাজিত করেছে। ডায়মন্ড হারবার এফসি, র আকিব নবাব দুটি, শৈবোরলাং খাপন ও অমরনাথ বাসকে একটি করে গোল করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০